



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

# সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

ফোন নং : ০২৩৩৩৩৬৬০৫১, মোবাইল : +৮৮০১৭৭৪৮৩৭৪২৩  
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, govtcitycollegectg1954@gmail.com  
ওয়েব সাইট : [www.gccc.edu.bd](http://www.gccc.edu.bd).



গণভোট ২০২৬  
সংসদ নির্বাচন  
দেশের চাৰি  
জাপনার হাতে

কলেজ কোড-৪৩০৪

## বিজ্ঞপ্তি

তারিখ : ২৯/০১/২০২৬ খ্রি.

২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সম্পর্কিত তথ্যাবলী :

কোর্স সমূহ : বিএ/বিএসএস/বিবিএস :

- ২০২৩ অথবা তার আগে এইচএসসি বা সমমান পরীক্ষায় পাস করতে হবে এবং এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০০ স্নাতক পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর থাকতে হবে।
- স্নাতক (পাস) সার্টিফিকেট কোর্সে তালিকাভুক্তির জন্য যে সকল বিষয় নিয়ে স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে সকল বিষয় ছাড়া অন্য বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। তথ্য এন্ট্রিতে কোন ভুল হলে তার দায়-দায়িত্ব শিক্ষার্থীকে নিতে হবে।
- অন-লাইনে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করে কলেজে জমা দেওয়ার সময়সীমা :-

তারিখ	সময়	কক্ষ নং
০৯/০২/২০২৬ তারিখ হতে ১৯/০২/২০২৬ সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়	সকাল ১০.০০ থেকে বিকাল ০৪.০০ পর্যন্ত	একাডেমিক ভবন - ৩ নীচ তলা রোভার স্কাউটস কক্ষ

- ❖ **আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে :**
- ১। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সের জন্য মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি, স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্রের সত্যায়িত (২ সেট) ফটোকপি এবং প্রযোজ্য ক্ষেত্রে মাইগ্রেশন সনদ।
- ২। সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীকে তার চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। প্রত্যয়নপত্রে চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ ও পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে ছুটি মঞ্জুর করার বিষয় উল্লেখ থাকতে হবে।
- ৩। পাসপোর্ট সাইজের ০২ কপি রঙিন ছবি জমা দিতে হবে।
- ৪। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে এ রেজিস্ট্রেশন কার্যক্রমে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি পত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে অনুমতি পত্রে উল্লেখ থাকতে হবে।
- ৫। ফি ১১৭০/- (এক হাজার একশত সত্তর) টাকা।

➤ **কলেজের ওয়েব সাইটে ([www.gccc.edu.bd](http://www.gccc.edu.bd)) হতে ফরম পূরণের নিয়মাবলি :**

- [www.gccc.edu.bd](http://www.gccc.edu.bd) এ প্রবেশ করতে হবে।
- একটু নিচে স্ক্রল করে নেমে [Payment Collection](#) -ট্যাব হতে প্রবেশ করতে হবে।
- এরপর স্ক্রীনে প্রদর্শিত ট্যাব হতে [Degree Pass \(Private\)](#) ট্যাবে প্রবেশ করতে হবে।
- এরপর স্ক্রীনে প্রদর্শিত Active Events হতে [Degree Ist Year Private Admission 2025](#) Event এ Apply Now বাটনে ক্লিক করে পরবর্তী ধাপে যেতে হবে।
- এরপর ভর্তিকৃত Department, Admission Roll ও Captcha Code দিয়ে Verify এ Click করে Next ক্লিক করতে হবে।
- এরপর প্রয়োজনীয় চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য লিপিবদ্ধ করে Save বাটনে ক্লিক করলে Payment অপশন দেখাবে। এখান থেকে বিকাশ/নগদ/ডাচ বাংলা(রকেট/নেস্‌স পে)/অন্যান্য অপশন সিলেক্ট করে Payment কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- Payment কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার পর Submit করে তথ্য সংরক্ষণের পর দুই কপি প্রিন্ট নিতে হবে।

  
(প্রফেসর আবু হাশেম মোহাম্মদ নঈম উদ্দীন)


অধ্যক্ষ  
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

  
(মোহাম্মদ ওমর ফারুক)

আহবায়ক  
স্নাতক (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স রেজিস্ট্রেশন কমিটি-২০২৫  
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

স্নাতক(পাস)প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিভিন্ন কোর্সের বিষয়গুচ্ছ নিম্নরূপ :

কোর্স সমূহ	আবশ্যিক বিষয়সমূহ	নৈর্বাচনিক বিষয়সমূহ
ক) বি এ (পাস)	১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ) ২. বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ) ৩. ইংরেজী (৩য় বর্ষ)	নিম্নে প্রদত্ত গুচ্ছসমূহের যে কোন তিনটি গুচ্ছ থেকে ১ টি করে মোট ৩টি বিষয় নিতে হবে। (কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নেয়া যাবে না): 'ক' গুচ্ছ --- বাংলা (ঐচ্ছিক)/ইংরেজি (ঐচ্ছিক) 'খ' গুচ্ছ --- ইসলামের ইতিহাস ও সংস্কৃতি 'গ' গুচ্ছ--- দর্শন/ইসলামী শিক্ষা 'ঘ' গুচ্ছ--- অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান
খ) বি এস এস (পাস)	১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ) ২. বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ) ৩. ইংরেজী (৩য় বর্ষ)	('ক' গুচ্ছ আবশ্যিক এবং 'খ' গুচ্ছ থেকে যে কোন ১টি বিষয়সহ মোট ৩টি বিষয় নিতে হবে) 'ক' গুচ্ছ --- অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞান (আবশ্যিক) 'খ' গুচ্ছ--- ইসলামী শিক্ষা/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/দর্শন/বাংলা(ঐচ্ছিক)/ইংরেজি (ঐচ্ছিক)
খ) বিবি এস (পাস)	১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ) ২. বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ) ৩. ইংরেজী (৩য় বর্ষ)	নিম্নোক্ত সকল বিষয় নিতে হবেঃ ১. হিসাব বিজ্ঞান ২. ব্যবস্থাপনা ৩. অর্থনীতি

  
(প্রফেসর আবু ছালেহ মোহাম্মদ নঈম উদ্দীন)  
অধ্যক্ষ  
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

  
(মোহাম্মদ ওমর ফারুক)  
আহবায়ক

স্নাতক (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স রেজিস্ট্রেশন কমিটি-২০২৫  
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।